# বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেড

চট্টগ্রাম রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা, দক্ষিণ হালিশহর, চট্টগ্রাম-৪২২৩

EIIN-104263, (Web: www.bepzacollegectg.edu.bd)

BEPZA
www.prebd.com

সূত্র ঃ ০৩.০৬.১৫৩৫.৩৩৬.১৮.০০১.২০২৫/১১০৯

তারিখ ঃ ২১/০৯/২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেডে নিম্নবর্ণিত পদে শিক্ষক-কর্মচারী নিয়োগের লক্ষ্যে বিধি অনুযায়ী এবং শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রম | পদের নাম ও বিষয় | শিক্ষাগত যোগ্যতা | পদ সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন-স্কেল ২০১৫) |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী শিক্ষক (ইংরেজি, ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা এবং গণিত) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি/সমমান। অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক সম্মান/ সমমান ডিগ্রি। | ০৩ জন | গ্রেড-১০ (বিএড ডিগ্রিসহ) ১৬,০০০-৩৮,৬৪০/- অথবা গ্রেড-১১ (বিএড ডিগ্রি ব্যতীত) ১২,৫০০-৩০,২৩০/- |
| ০২ | বাস ড্রাইভার | অষ্টম শ্রেণি পাশ এবং ভারী যানবাহন চালানোর লাইসেন্সধারী হতে হবে। বৈধ ড্রাইভিং লাইসেন্স পাওয়ার পর ভারী যানবাহন চালনায় কমপক্ষে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে | ০১ জন | গ্রেড-১৬ ৯,৩০০-২২,৪৯০/- |
| ০৩ | বাস হেলপার | অষ্টম শ্রেণি পাশ বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী এবং ড্রাইভিং লাইসেন্সধারীকে অগ্রাধিকার দেয়া হবে। | ০১ জন | গ্রেড-২০ ৮,২৫০-২০,০১০/- |

শর্তাবলি ঃ

০১. বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে, সহকারী শিক্ষক ও বাস ড্রাইভার পদে বয়স অনুর্ধ্ব ৩৫ বছর এবং বাস হেলপার পদে বয়স অনুর্ধ্ব ৩০ বছর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০২. সকল পাবলিক পরীক্ষায় কমপক্ষে ২য় শ্রেণি/ বিভাগ/সমপর্যায়ের জিপিএ থাকতে হবে। এক্ষেত্রে ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য নয়।

০৩. চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৪. 'বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেড' এর নামে যে কোন তফসিলি ব্যাংক হতে ১ নং পদের জন্য ৫০০/- টাকা এবং ২ ও ৩ নং পদের জন্য ২০০/-টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (অফেরতযোগ্য) দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।

০৫. যথাযথ ডাক ঠিকানা, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্র ও নাগরিকত্ব সনদের ফটোকপি, সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ এবং পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্তসহ আবেদনপত্র অধ্যক্ষ ও সদস্য সচিব, গভর্নিং বডি, বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেড, চট্টগ্রাম-৪২২৩ এই ঠিকানায় নির্ধারিত চাকুরির আবেদন ফরমে দরখাস্ত আগামী **২৫/১০/২০২৫** তারিখের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি পৌঁছাতে হবে। খামের উপর পদের নাম ও প্রার্থীর নাম-ঠিকানা অবশ্যই উল্লেখ করতে হবে। বিলম্বে পৌঁছানো আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল হিসেবে গণ্য হবে। আবেদনের নমুনা বেপজার ওয়েবসাইট www.bepza.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

০৬. প্রতিষ্ঠানের বিধি অনুযায়ী মূল বেতনের সাথে অন্যান্য সুবিধা যেমন: বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা, উৎসব ভাতা এবং চাকুরি স্থায়ী হওয়ার পর হতে নিয়মানুযায়ী অন্যান্য সকল সুবিধা প্রদান করা হবে।

০৭. কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন বাতিল কিংবা নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও স্থগিত করার অধিকার সংরক্ষণ করে এবং নিয়োগ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮. নির্ভুল আবেদনপত্র ও শর্তানুযায়ী যোগ্য প্রার্থীদের বর্তমান ঠিকানায় লিখিত পরীক্ষার পরীক্ষার দিন ও সময় উল্লেখপূর্বক প্রবেশপত্র প্রেরণ/ মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে ।

০৯. লিখিত, ডেমোনেস্ট্রেশন/ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০. বিস্তারিত প্রতিষ্ঠানের ওয়েবসাইটে দেখুন: www.bepzacollegectg.edu.bd

প্রফেসর নাজমুল হক সিকদার
অধ্যক্ষ ও সচিব
বেপজা পাবলিক স্কুল ও কলেজ
চট্টগ্রাম ইপিজেড।